**১৯৬১ সনের ১৬ই অক্টোবর তারিখে ৩৭নং অধ্যাদেশ বলে ইস্ট পাকিস্তান এগ্রিকালচারাল ডেভেলপমেন্ট কর্পোরেশন (ইপিএডিসি) প্রতিষ্ঠা লাভ করে, যা বর্তমানে বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) নামে পরিচিত।**

## বিএডিসি'র পরিচালন পদ্ধতি ঃ

একটি কর্পোরেট বডি হিসাবে বিএডিসির অগ্রযাত্রা শুরু হয়। তৎকালীন পার্লামেন্ট কর্তৃক অনুমোদিত চার্টার অনুযায়ী বিএডিসি একটি স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান এবং কর্পোরেশন পরিচালনার দায়িত্ব এবং আর্থিক ও প্রশাসনিক ক্ষমতা পরিচালক পর্ষদের উপর ন্যস্ত। পরিচালক পর্ষদ সরকারের পূর্বানুমোদন নিয়ে কর্পোরেশনের স্বার্থে বিধি/ আইন প্রণয়ন ক্ষমতা সংরক্ষণ করেন। সরকার সময় সময় অর্ডিনেন্সের মাধ্যমে পরিচালন কাঠামো সংশোধন করে থাকেন। পর্ষদ সরকারী দিক নির্দেশনার আলোকে প্রকল্প বাস্ত বায়নসহ, চেয়ারম্যান, সদস্য পরিচালক ও অন্যান্য কর্মকর্তাদের ক্ষমতা ডেলিগেট করে থাকেন। বর্তমানে ১৯৯৯ সালের গেজেট নোটিফিকেশন অনুযায়ী ১ জন চেয়ারম্যানসহ ৪ জন সার্বক্ষণিক সদস্য পরিচালক যেমন সদস্য পরিচালক (অর্থ), সদস্য পরিচালক (বীজ ও উদ্যান), সদস্য পরিচালক (সার ব্যবস্থাপনা) ও সদস্য পরিচালক (ক্ষুদ্র সেচ) এবং পদাধিকার বলে (নিবন্ধক, সমবায় অধিদপ্তর এবং মহা পরিচালক, বিআরডিবি) ২জন সদস্যকে নিয়ে মোট ৭ জন সদস্য সমন্বয়ে পরিচালক পর্ষদ গঠিত । সচিব বিএডিসি পর্ষদের সদস্য-সচিব হিসেবে দায়িত্ব পালন করছেন ।

বর্তমানে বিএডিসিতে মোট ৫ টি উইং চালু আছে। সংস্থার যাবতীয় অর্থ, হিসাব ও নিরীক্ষা সংক্রান্ত কার্যক্রম অর্থ উইং এর মাধ্যমে সম্পাদিত হয়। দেশের কৃষি উন্নয়নের স্বার্থে অন্যতম প্রধান উপকরণ বীজ এর উৎপাদন, সংরক্ষণ, বিপণন, মান উন্নয়ন, চারা কলম তৈরী ও বিতরণ সহ দেশের কৃষকদের আধুনিক বীজ প্রযুক্তির সাথে পরিচয় ঘটানোর জন্য এ সংক্রান্ত প্রশিক্ষণ ও প্রযুক্তি হস্তান্তর কাজ বীজ উইং এর মাধ্যমে সম্পাদিত হচ্ছে। কৃষি উৎপাদন বৃদ্ধিতে অন্যতম সহায়ক উপাদান আধুনিক সেচ সুবিধা সম্প্রসারণ এবং সেচের পানির প্রাপ্যতাও যথাযথ ব্যবস্থা নিশ্চিত করতে প্রযুক্তি আহরণ ও হস্তান্তরসহ কৃষককে সহায়তা প্রদানের জন্য বিএডিসির ক্ষুদ্র সেচ উইং কাজ করে যাচ্ছে। এর পাশাপাশি মাটির পুষ্টি গুণে সমতা রক্ষা এবং ফসলের জন্য প্রয়োজনীয় সার বিশেষ করে রাসায়নিক সার সংগ্রহ সংরক্ষণ ও কৃষকদের নিকট বিতরনের জন্য সার ব্যবস্থাপনা উইং কার্যকর আছে। এছাড়া মাঠ পর্যায়ে উপরে বর্ণিত কার্যক্রম সুষ্ঠভাবে বাস্তবায়নের লক্ষ্যে উপযুক্ত জনবলের যোগান, অভ্যন্তরীণ জনবলকে জনসম্পদে রুপান্ত রকরণ, প্রতিষ্ঠানের কাজ গতিশীল রাখার জন্য বিধি প্রণয়ন এবং পরিচালন, প্রয়োজনীয় স্থানে আইনী সহায়তা নিশ্চিতকরণ এবং বিএডিসির কর্মকাণ্ডের প্রচার প্রচারনা ইত্যাদি কাজ সংস্থার প্রশাসন উইং এর মাধ্যমে সম্পাদিত হয়ে থাকে ।

## বিএডিসি'র বর্তমান অবস্থা ঃ

বিশ্বব্যাপী মুক্তবাজার অর্থনীতির বিস্তৃতি লাভ করায় উন্নয়ন সহযোগী ও দাতা প্রতিষ্ঠানসমূহের পরামর্শে দেশের কৃষি নীতিতে পরিবর্তন সূচিত হয়। ফলশ্রুতিতে সরকার কৃষি উপকরণ বিতরণ ব্যবস্থা বেসরকারীকরণের প্রক্রিয়া শুরু করে। এ প্রেক্ষিতে বিএডিসির ভূমিকারও পরিবর্তন হয় এবং এর কর্মকান্ড ক্রমশঃ সংকুচিত হতে থাকে। পরবর্তীতে সরকার দেশের সার্বিক কৃষি ব্যবস্থা একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবেলা ও মুক্ত বাজার অর্থনীতির আলোকে কৃষি ক্ষেত্রে সমন্বিত পরিকল্পনা প্রণয়নের লক্ষ্যে কৃষি কমিশন গঠন করে। কৃষি কমিশনের সুপারিশ অনুসারে বিএডিসি পুনর্গঠনের একটি প্রস্তাব মন্ত্রিপরিষদ কর্তৃক অনুমোদিত হয়। গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী ১৭/১১/৯৯ তারিখে গেজেট বিজ্ঞপ্তির মাধ্যমে পুনর্গঠন সংক্রান্ত প্রজ্ঞাপন জারী করা হয়। উক্ত প্রজ্ঞাপনে বিএডিসির কার্যপরিধি পুনঃনির্ধারণ পূর্বক সংস্থার সাংগঠনিক কাঠামো পুনর্বিন্যাস এবং জনবল সুষমকরণ প্রক্রিয়ায় ৬৮০০ জন নির্ধারণ করা হয়।

১. <u>সেবাসমূহ/কার্যাবলী</u> (বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন অর্ডিন্যান্স-১৯৬১, জাতীয় কৃষি নীতি-১৯৯৯ এবং বিএডিসি পুনর্গঠন-১৯৯৯ অনুসরণে) ঃ

১.১. বীজনীতি সংক্রান্ত পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের জন্য সরকারকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান ;
১.২. ক্ষুদ্রসেচ উন্নয়নের লক্ষ্যে পানি সম্পদ উন্নয়নে প্রয়োজনীয় নীতিমালা প্রণয়ণ ও বাস্তবায়নে সরকারকে পরামর্শ প্রদান ;
১.৩. সরকারী ও বেসরকারী উদ্যোগে সার আমদানী সংক্রান্ত প্রক্রিয়ায় প্রয়োজনীয় পরামর্শ ও সহযোগিতা প্রদান
১.৪. সার সংক্রান্ত নীতিমালা প্রণয়ন এবং বাস্তবায়নে সরকারকে প্রয়োজনীয় তথ্য সরবরাহ ও পরামর্শ সেবা প্রদান ;
১.৫. জমিতে রাসায়নিক সার ব্যবহারে কৃষকদের উদ্বুদ্ধকরণ ;
১.৬. রাসায়নিক সার সংগ্রহ, সংরক্ষণ পূর্বক তা কৃষকদের মাঝে বিতরণ ;
১.৭. যান্ত্রিক চাষ পদ্ধতি ও সেচ কাজে পাওয়ার পাম্পের ব্যবহার প্রবর্তন ;
১.৮. গভীর, অগভীর ও হস্তচালিত নলকূপ স্থাপনের মাধ্যমে সেচ সুবিধা প্রদান ;
১.৯. গবেষণা প্রতিষ্ঠান হতে সংগৃহীত **Breeder Seed** দ্বারা **Foundation Seed** উৎপাদন যা পরবর্তীতে রেজিষ্টার্ড সীড উৎপাদন পূর্বক কৃষকদের মাঝে বিতরণ ;
১.১০. উৎপাদিত বীজ প্রক্রিয়াজাত পূর্বক কৃষকদের নিকট বিতরণ ;
১.১১. ফসলের জমিতে সময়মত কীটনাশক ব্যবহারে কৃষকদের উদ্বুদ্ধকরণ ও সরবরাহ ;
১.১২. দেশের আর্থ-সামাজিক উন্নয়নের জন্য নিজস্ব সম্পদের সর্বোচ্চ ব্যবহারের মাধ্যমে জাতীয় কৃষি নীতি, কর্মসূচী এবং প্রকল্পসমূহ বাস্তবায়ন করা ;
১.১৩. প্রতিযোগিতামূলক বাজারে কৃষকদের জন্য ন্যায্যমূল্যে কৃষি উপকরণ (বীজ, সার, সেচ সুবিধা ইত্যাদি) সরবরাহ নিশ্চিতকরা এবং উপকরণ বিতরণ ব্যবস্থা বেসরকারীকরণের ফলে কৃষক পর্যায়ে উদ্ভূত সমস্যাবলী দূরীকরণের লক্ষ্যে কৃষি বাজার ব্যবস্থাপনার উন্নয়ন করা ;
১.১৪. কৃষি খামার যান্ত্রিকীকরণ ব্যবস্থার উন্নয়ন করা;
১.১৫. কৃষি উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে কৃষি বিজ্ঞানী কর্তৃক উদ্ভাবিত উন্নত জাতের বীজ উৎপাদন ও বিতরণ কার্যক্রমকে ত্বরান্বিত করা
১.১৬. কৃষক, ব্যবসায়ী এবং বাণিজ্য সংগঠকদের কৃষি ব্যবসা উদ্যোগকে সহযোগিতা, সহায়তা ও উৎসাহ প্রদান করা এবং সরকার কর্তৃক নির্দ্ধারিত/ঘোষিত অন্যান্য সেবাসমূহ প্রদান করা ;
১.১৭. উন্নত বীজ উৎপাদন, সংগ্রহ, প্রক্রিয়াজাতকরণ, সংরক্ষণ, বিপণন ও সীমিত আকারে বীজ শিল্প উন্নয়নে বেসরকারী প্রতিষ্ঠান / ব্যক্তিকে সেবা প্রদান ;
১.১৮. সব্জী, চারা, কলম এবং উদ্যান ফসলের উন্নয়ন ও বাজার সম্প্রসারণ ;
১.১৯. ক্ষুদ্রসেচ সুবিধা প্রদান, সেচ ব্যবস্থাপনা উন্নয়ন,সেচ সম্প্রসারণ ও সেচ দক্ষতা বৃদ্ধির উপর কৃষক প্রশিক্ষণ ;
১.২০. পানি সম্পদ জরীপ, পানির গুণাগুণ পরীক্ষা-পরিবীক্ষণ ও তথ্য সেবা প্রদান ;
১.২১. দানা জাতীয় শস্য, পাট ও অন্যান্য শস্যবীজ উৎপাদন ও উন্নতমানের বীজ উৎপাদনে সার্বিক সেবা প্রদান
১.২২. শংকর বীজ উৎপাদন ও বাজারজাতকরণ ;
১.২৩. আলুসহ উদ্যান ফসলের বীজ/চারা উৎপাদনের পাশাপাশি ব্যক্তি খাতে বাণিজ্যিক উৎপাদনের নিমিত্তে প্রয়োজনীয় প্রশিক্ষণ ও কারিগরি সেবা প্রদান ;
১.২৪. উদ্যান ফসলের অভ্যন্তরীণ/রপ্তানী বাজার সম্প্রসারণের ভৌত সুবিধা ও প্রযুক্তিগত উন্নয়ন এবং এতদসংক্রান্ত সহায়ক সেবা প্রদান ;
১.২৫. ক্ষুদ্রসেচ উন্নয়নের লক্ষ্যে পানি সম্পদ উন্নয়ন এবং সরেজমিন দক্ষ সেচ ও পানি ব্যবস্থাপনা **(On Farm Water Management)** কর্মসূচি বাস্তবায়ন ;
১.২৬. সেচ এলাকা বৃদ্ধির জন্য স্বল্প, মধ্য ও দীর্ঘ মেয়াদী প্রকল্প মূল্যায়ন ও দিক নির্দেশনা প্রদান ; এবং
১.২৭ . সমন্বিত ও আঞ্চলিক কৃষি উন্নয়নে সেচ ব্যবস্থাপনা বাস্তবায়ন এবং সেচ ব্যবস্থাপনায় জরুরী সেবা প্রদান ।

**প্রশাসন উইং ঃ**

সংস্থাপন, পরিকল্পনা, পরিবীক্ষণ, মূল্যায়ন ও অন্যান্য প্রশাসনিক কার্যাবলী সম্পাদন।

**অর্থ উইং ঃ**

সামগ্রিক অর্থনৈতিক নিয়ন্ত্রণমূলক কার্যাবলী সম্পাদন।

**বীজ ও উদ্যান উন্নয়ন উইং ঃ**

(১) বীজ নীতি সংক্রান্ত পরিকল্পনা প্রনয়ন ও বাস্তবায়নের জন্য সরকারকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান;

(২) দানাজাতীয় শস্য,পাট ও অন্যান্য শস্য বীজ উৎপাদন ও সরবরাহ ঃ

-চুক্তিবদ্ধ কৃষক নির্বাচন, প্রশিক্ষণ ও সেবা প্রদান;

-বীজের সরবরাহ বাড়ানো

-সংস্থার খামারে উন্নতমানের ভিত্তি ও প্রত্যয়িত বীজ উৎপাদন, প্রক্রিয়াকরণ ও সংরক্ষণ,

-নিয়মিত বীজ প্রতিস্থাপন (রিপ্লেসমেন্ট) নির্ধারণ ও সে অনুযায়ী কর্মসূচী প্রনয়ন ও বাস্তবায়ন।

(৩) উন্নত বীজ উৎপাদনে সার্বিক সেবা প্রদান ঃ

-চুক্তিবদ্ধ বীজ উৎপাদনকারী স্থাপন, কারিগরী পরামর্শ ও সহায়তা দানের মাধ্যমে প্রত্যায়িত বীজ উৎপাদন;

-বেসরকারী পর্যায়ে বীজ উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণ, প্রযুক্তি হস্তান্তর/সম্প্রসারণ, সহায়তা দান ও ব্যবস্থা গ্রহণ;

-ভিত্তি ও প্রত্যয়িত বীজের মান নিয়ন্ত্রণ;

-প্রত্যয়িত বীজ সংরক্ষণের জন্য হিমাগার স্থাপন ও ব্যবস্থাপনা;

-বীজ ব্যবসায়ীদের জন্য বীজ বিপণন বিষয়ক প্রশিক্ষণ;

-বীজ আমদানী ও রপ্তানী;

-প্রাকৃতিক ও অন্যান্য যে কোন কারণে দুর্যোগের পর দূর্গত এলাকায় সরবরাহ করার জন্য আপদকালীন বীজ মজুদ রাখা; এবং

-বেসরকারী খাতে প্রত্যয়িত বীজের অব্যাহত উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ, সংরক্ষণ ও বাজারজাতকরণে উৎসাহ ও কারিগরী পরামর্শ সহায়তা সেবাসহ প্রশিক্ষণ প্রদান।

(৪) সম্প্রসারণ ও গবেষণা প্রতিষ্ঠানের সাবিক সহযোগিতায় সরেজমিনে বীজের মান মূল্যায়ন এবং মৌসুম অনুযায়ী বীজের চাহিদা নির্নয়;

(৫) শংকর বীজ উৎপাদন ও বাজারজাতকরণ;

(৬) আলুসহ উদ্যান ফসলের বীজ/চারা উৎপাদনের পাশাপাশি ব্যক্তি খাতে বাণিজ্যিক উৎপাদনের নিমিত্তে প্রয়োজনীয় প্রশিক্ষণ ও কারিগরী সহায়ক সেবা প্রদান;

(৭) পার্বত্য অঞ্চলে বাণিজ্যিক ভিত্তিতে উৎপাদন উপযোগী ফলবাগান ও মসলা উন্নয়ন কর্মসূচী প্রণয়ন ও বাস্তবায়ন;

(৮) উদ্যান ফসলের অভ্যন্তরীণ/রপ্তানী বাজার সম্প্রসারণের ভৌত সুবিধা ও প্রযুক্তিগত উন্নয়ন এবং এতদসংক্রান্ত সহায়ক সেবা প্রদান।

## সার ব্যবস্থাপনা উইং ঃ

(১) সারের বাফার ষ্টক রক্ষণাবেক্ষণ;

(২) সারের লভ্যতা ও গুণাগুন পরিবীক্ষণ ও মান নিয়ন্ত্রণ এবং সার নিয়ন্ত্রণ আদেশ বাস্তবায়ন

(৩) সরকারী ও বেসরকারী উদ্যোগে সার আমদানী সংক্রান্ত প্রক্রিয়ায় প্রয়োজনীয় পরামর্শ ও সহযোগীতা প্রদান;

(৪) সারের সামগ্রিক তথ্য ব্যবস্থাপনা পদ্ধতি (এমআইএস) নিয়ন্ত্রণ;

মৌসুমীভিত্তিক বিভিন্ন প্রকার সারের চাহিদা নিরুপণ:

সারের মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং এন্ড সার্ভিলেন্স, কৃষকের ক্রয় ক্ষমতার মধ্যে রাখা, লভ্যতা নিশ্চিত করা;

(৫) সার সংক্রান্ত নীতিমালা প্রণয়ন এবং বাস্তবায়নে সরকারকে প্রয়োজনীয় তথ্য সরবরাহ ও পরমর্শ সেবা প্রদান ;

## ক্ষুদ্রসেচ উইং ঃ

(১) ক্ষুদ্র সেচ উন্নয়নের লক্ষ্যে পানি সম্পদ উন্নয়নে প্রয়োজনীয় নীতিমালা প্রণয়ন ও বাস্তবায়নে সরকারকে পরামর্শ প্রদান

(২) ক্ষুদ্র সেচ উন্নয়নের লক্ষ্যে পানি সম্পদ উন্নয়ন ঃ

-ভূ-গর্ভস্থ,ভূ-উপরিস্থ পানি সম্পদের জরিপ, অনুসন্ধান, তথ্য সংগ্রহ, তথ্য বিশ্লেষণ, পর্যবেক্ষণ পরিবীক্ষণপূর্বক সুপারিশ প্রণয়ন ও প্রচার (ডেসিমিনেশন)। ক্ষুদ্র সেচ সংক্রান্ত তথ্যাদি জাতীয় পর্যায়ে পানি সম্পদ উন্নয়ন সংস্থাসমূহের সাথে বিনিময় এবং উপাত্ত-ভিত্তি (ডাটা বেইজ) উন্নয়নে অংশ গ্রহণ;

-বিভিন্ন প্রকার মাটি/পরিবেশ উপযোগী ক্ষুদ্র সেচ প্রকল্প সমূহে পানি সম্পদের সুষ্ঠু ব্যবহারের নীতিমালা প্রণয়ন ও বাস্তবায়নে কারিগরী তথ্য ও প্রয়োজনীয় সহায়তা প্রদান করা ;

-আর্সেনিকসহ অন্যান্য সেচজনিত পরিবেশদূষণ সমস্যার কারণ অনুসন্ধান এবং সমাধানের দিক নির্দেশনা প্রদান;

(৩) কৃষক, সেচ যন্ত্রের ডিলার ও মেকানিকদের জন্য সেচ যন্ত্র ব্যবহার ও রক্ষণাবেক্ষণ সংক্রান্ত উন্নততর প্রযুক্তি সম্প্রসারণের জন্য প্রশিক্ষণ কর্মসূচী পরিচালনা ;

(৪) সরেজমিন (অন-ফার্ম) দক্ষ সেচ ও পানি ব্যবস্থাপনা কর্মসূচী বাস্তবায়ন ঃ

-পানি সম্পদের প্রাপ্যতা বিবেচনায় কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সাথে যৌথভাবে সমস্ত অঞ্চলভিত্তিক ফসলের জাত ও উৎপাদন পদ্ধতি নির্ধারণসহ উপযুক্ত শস্যক্রম (ক্রেপিং প্যাটার্ণ) সুপারিশকরণ ও কার্যক্রম গ্রহণ;

-সেচ ও পানি ব্যবস্থাপনা প্রযুক্তির সম্প্রসারণ;

-সেচ প্রযুক্তির প্রয়োজনীয়তা নির্ণয় ;

-সব ধরণের সেচ যন্ত্রের কমান্ড এরিয়া উন্নয়ন ;

-ফসলের সেচের পানি পরিমাণগত প্রয়োজনীয়তা নির্ণয়;

-ফসলের মাঠে পানির বিতরণ ব্যবস্থা উন্নয়নে কার্যক্রম (ডিজাইন,নির্মাণ ও উন্নত পানি বিতরণ ব্যবস্থা) গ্রহণ ও বাস্তবায়ন;

-অঞ্চলভিত্তিক ফসলে বৃষ্টির পানি এবং সম্পুরক সেচের সুষ্ঠু ও সর্বোত্তম ব্যবস্থা নিশ্চিত করার কার্যক্রম গ্রহণ এবং বাস্তবায়ন;

-কৃষক পর্যায়ে বৃষ্টি ও সেচের পানির সমন্বিত ও পরিপুরক ব্যবহারের সর্বোত্তম পন্থা নিশ্চিত করা এবং কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সহায়তায় মানানসই শস্য পঞ্জিকা তৈরী;

-সেচ ব্যবস্থা সম্প্রসারণের জন্য কৃষকদের ব্যাপকভিত্তিক প্রশিক্ষণ প্রদান;

(৫) সেচ এলাকা বৃদ্ধির জন্য স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদী প্রকল্প মূল্যায়ন ও দিকনির্দেশনা প্রদান;

(৬) সমন্বিত আঞ্চলিক কৃষি উন্নয়নে সেচ ব্যবস্থাপনা ও বাস্তবায়ন;

কৃষক সংঘের সংগে সমন্বয় ও সহযোগিতার মাধ্যমে সেচ উন্নয়ন ও সেচ কার্যক্রম সম্প্রসারণ;

(৭) সেচ ব্যবস্থাপনার জরুরী সেবা প্রদান।